সমকাল

তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ১৭ জানুয়ারি

■ সমকাল প্রতিবেদক

প্রতিষ্ঠার প্রায় আড়াই দশক পর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন হতে যাচ্ছে। আগামী বছরের ১৭ জানুয়ারি সমাবর্তনের তারিখ নির্ধারণ করা হয়েছে।

অন্যদিকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) পঞ্চম এবং টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনের তারিখও ঘোষণা করা হয়েছে। গতকাল শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলর আগামী ২০১৭ সালের ১৭ জানুয়ারি বিকেল ৩টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে উপস্থিত থাকবেন।

এ ছাড়া বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন আগামী ১৯ ডিসেম্বর এবং ১৩ নভেম্বর মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠিত হবে।